দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 1 1 1999

পৃষ্ঠা ১৫ কলাম ৪

# বাংলা একাডেমীর বইমেলা সমাপ্ত

**সালাহউদ্দীন বাবলু** ॥ বাংলা একাডেমীর অমর একুশে বইমেলা শেষ হয়েছে। মাসাধিককালের এই মিলন মেলা গতকাল ভেঙ্গে গেছে। এ উপলক্ষে গতকাল বিকালে বাংলা একাডেমীর বটমূলে কড়া পুলিশী নিরাপত্তায় সমাপনী অনুষ্ঠান ও সাজসজ্জায় তিন শ্রেষ্ঠ স্টলের মধ্যে পুরস্কার বিতরণের আয়োজন করা হয়। বাংলা একাডেমীর সভাপতি কবি শামসুর রাহমানের সভাপতিত্বে আয়োজিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যথাক্রমে বিচারপতি কামালউদ্দীন হোসেন এবং কলিকাতা বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ভিসি দিলীপ কুমার সিনহা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরী। অন্যানের মধ্যে আর বক্তব্য রাখেন বাংলা একাডেমীর মহাপরিচালক প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন, মেলা কমিটির সভাপতি পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির মিলন কান্তি নাথ, সদস্য সচিব মাহফুজুর রহমান প্রমুখ। এ অনুষ্ঠানে বইমেলায় সাজসজ্জায় শ্রেষ্ঠ তিন স্টল— মাওলা ব্রাদার্স, ব্যতিক্রম প্রকাশনী ও পার্ল পাবলিকেশন্সকে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পুরস্কারের ক্রেস্ট প্রদান করা হয়। তবে ৩য় পুরস্কার নির্বাচন নিয়ে গতকাল মেলায় বেশ বিতর্ক ছিল।